# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FIRST SEMESTER EXAMINATION, DECEMBER 2019**

**FIRST YEAR (BATCH 2019-22)**

Date : 13/12/2019

**BENGALI (Honours)**

Time : 11 am – 1 pm

**Paper : II [CC 2]**

Full Marks : 50


১। ক) উদাহরণসহ সংজ্ঞা দাও **(যে-কোনো একটি)** ঃ [১×৫]

অ) বিরোধাভাস

আ) অপহ্নুতি

খ) অলংকার নির্ণয় করো **(যে-কোনো একটি)** ঃ [১×৫]

অ) আমায় নহে গো, ভালবাস শুধু, ভালবাস মোর গান।
বনের পাখিরে কে চিনে রাখে গান হলে অবসান।

আ) নদীর এপার কহে ছাড়িয়া নিঃশ্বাস,
ওপারেতে সর্বসুখ আমার বিশ্বাস
নদীর ওপার বসি দীর্ঘশ্বাস ছাড়ে,
কহে, যত কিছু সুখ সকলি ওপারে।

২। ''আজি ভুসুকু বঙ্গালী ভইলি।'' — এটি কত সংখ্যক পদ? এই পদের মধ্যে তৎকালীন সমাজ জীবনের কোন্ দিক প্রকাশিত হয়েছে, তা আলোচনা করো। [১+৯]

**<u>অথবা</u>**

''জেঠ মাস গেল আসাঢ় পরবেশ।
সামল মেঘেঁ ছাইল দক্ষিণ প্রদেশ।''— কোন্ পর্যায়ের পদ? এই পদের মধ্যে বক্তার যে মানসিকতার প্রকাশ ঘটেছে, তার পরিচয় দাও। [১+৯]

৩। আক্ষেপানুরাগ বলতে কী বোঝায়? আক্ষেপানুরাগ কয় প্রকার ও কী কী? তোমার পঠিত আক্ষেপানুরাগের পদ অবলম্বনে কাব্যসৌন্দর্য বিচার করো। [২+২+৬]

**<u>অথবা</u>**

''বহুদিন পরে বঁধুয়া এলে''— কোন্ পর্যায়ের পদ? পদটির রচয়িতা কে? পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। [১+১+৮]

৪। 'নারীর জনম কেবল যন্ত্রণা সহিতে'— এই ভাবনার আলোকে মা মেনকার যন্ত্রণার স্বরূপ আলোচনা করো। [১০]

**<u>অথবা</u>**

'ভক্তের আকুতি' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমার পঠিত পদ অবলম্বন করে এই পর্যায়ে তাঁর শ্রেষ্ঠত্বের কারণ নির্দেশ করো। [১+৯]

৫। বাংলা পুঁথির লিখন-উপকরণ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। [১০]

**<u>অথবা</u>**

পুঁথির সংজ্ঞা ও শ্রেণিবিভাগ সম্পর্কে আলোচনা করো। [১০]

——————— × ———————